

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চকরিয়া, কক্সবাজার
chakaria.coxsbazar.gov.bd

স্মারক নম্বর-০৫.২০.২২১৬.২২৬.০৫.০১.২০২৫-১৬

তারিখ : ২১ পৌষ ১৪৩১
০৫ জানুয়ারি ২০২৫

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি :

“সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯” অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন ২০.০০ একরের নিম্নে ইজারায়োগ্য জলমহাল ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১ লা বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র, ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধি শাখার ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ)-৬৯৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নিখারিত সময়সূচী, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণ পূর্বক অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে :

সময়সূচীঃ

অনলাইন আবেদন দাখিল	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র জয়ের রশিদ ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল
বাংলা ০১ মাঘ ১৪৩১ থেকে ১৪ মাঘ ১৪৩১ ১৫/০১/২০২৫ হতে ২৮/০১/২০২৫	২৯/০১/২০২৫ থেকে ০২/০২/২০২৫ (অফিস চলাকালীন সময়ে)

১৪৩২-১৪৩৪ বাংলা সন পর্যন্ত ২০ (বিশ) একর পর্যন্ত ইজারায়োগ্য জলমহালের তালিকা :

ক্রঃ নং	জলমহালের নাম	ইউনিয়নের নাম	মৌজা	আয়তন (একর)	দাগ নং	ইজারামূল্য
১	দরহাখালী খাল	চিরিংগা	পালাকাটা	১.২০ একর	বি.এস দাগ- ৮৩০১	৪০৯৫০/-
২	চৈরভাঙ্গা খাল (উপরাংশ)	চিরিংগা	পালাকাটা	১৬.৫৭ একর	বি.এস দাগ- ৪৩৬৮	২৫০০০০/-
৩	কোরালখালীখালী (নিম্নাংশ)	চিরিংগা	পালাকাটা	৫.৭৬ একর	বি.এস দাগ- ৮৩০৫	৮৩৪৭৫/-
৪	চৈরভাঙ্গা খাল	চিরিংগা	পালাকাটা	৩.০০ একর	বি.এস দাগ- ৪৩৬৮	১৩৮৬০০/-
৫	খুইজ্যাখালী খাল	চিরিংগা	চরণদীপ	২.০০ একর	বি.এস দাগ- ২০	১০৫০০০/-
৬	খুইজ্যাখালী খাল (নিম্নাংশ)	চিরিংগা	চরণদীপ	৯.৭৬ একর	বি.এস দাগ- ২২	২৬২৫০০/-
৭	ল্যাংড়াচিড়াখাল	চিরিংগা	চরণদীপ	৫.১২ একর	বি.এস দাগ- ৬	২৬১৪৫/-
৮	ভুলখালী খাল	চিরিংগা	চরণদীপ	১৯.৬৮ একর	বি.এস দাগ- ৪,৫	২৬২৫০০০/-
৯	সিরাজখালী খাল	চিরিংগা	চরণদীপ	৩.২০ একর	বি.এস দাগ- ৮	১৮৯০০০/-
১০	দাতিনাখাল	চিরিংগা	চরণদীপ	৩.৬৮ একর	বি.এস দাগ- ২৫	৩৬৮৫৫০/-
১১	চিলখালীখাল	চিরিংগা	চরণদীপ	৭.২০ একর	বি.এস দাগ- ১৭	১৭৮৪০০/-
১২	কেরণখালী খাল	চিরিংগা	চরণদীপ	১০.০০ একর	বি.এস দাগ- ৭,১৩	৩৭৮০০০/-
১৩	উচিতারবিল পুকুর	ভূলাহাজারা	উচিতারবিল	১.৪৩ একর	বি.এস দাগ- ১১৫, ৩৪৩	৩৮৭৪৫/-
১৪	বেতুয়া খাল	ভেঙা মানিকচর	বেতুয়া	১৫.০০ একর	বি.এস দাগ নং- ৩২০, ৭৪৯, ৭৮৯, ১২০১	২১১০৫০
১৫	পূর্ব বড় ভেঙা পুকুর	পূর্ব বড় ভেঙা	পূর্ব বড় ভেঙা	২.৬৫ একর	দিয়ারা দাগ নং- ৯০০৫	২৩২৫৭৫/-
১৬	পূর্ব বড় ভেঙা পুকুর	পূর্ব বড় ভেঙা	পূর্ব বড় ভেঙা	০.৯৪ একর	দিয়ারা দাগ নং- ৮৮৯০	৩১৮৪৬৫/-
১৭	ভূলাহাজারা পুকুর	ভূলাহাজারা	ভূলাহাজারা	০.৩৫ একর	বি.এস দাগ- ২৩০	৩০০০০/-
১৮	বদরখালী পুকুর	বদরখালী	বদরখালীরঘোনা	১.৭২ একর	বি.এস দাগ নং- ৪২৪২	৮০০০০/-

নিয়মাবলীঃ

- ১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি /সাধারণ সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- ২। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের হুগিতাদেশ/ সিদ্ধান্ত অপেক্ষায় অথবা কোন আদালতের হুগিতাদেশ/ নিষেধাজ্ঞা/ছিত্তিবহুয় আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে ও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
- ৩। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি www.acl.chakaria.coxsbazar.gov.bd ওয়াবসাইটে ও পাওয়া যাবে।
- ৪। জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েবপোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় নোটিশ বোর্ড হতে জানা যাবে।
- ৫। জলমহালের আবেদন দাখিলের শেষ সময় সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীল মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে “জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন” কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।
- ৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
- ৭। নিখারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন রূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোহাম্মদ আতিকুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
চকরিয়া, কক্সবাজার